গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর
www.parbatipur.dinajpur.gov.bd

স্মারক নং ০৫.৫৫.২৭৭৭.০১১.০০৫.০২০.২৪. ১০৪ তারিখ: ১৮/০১/২০২৪ খ্রি.

**"২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দের ইজারার অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পার্বতীপুর উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয়/ জলমহাল/ সরকারি পুকুর) ১৪৩১-১৪৩৩বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ০২ নভেম্বর, ২০২৩ খ্রিঃ ১৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার নিম্নবর্ণিত ৯৯ (নিরানব্বই) টি বদ্ধ খাস জলমহাল/ পুকুর ১৪৩১-১৪৩৩বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির এবং এতদুদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক গঠিত নিবন্ধিত সমিতি/ সংগঠনকে যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদান করে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd ওয়েবসাইটে (Website) প্রবেশ করে অনলাইন (Online) আবেদন ফরম পূরণপূর্বক আবেদনের মূল কপিসহ সীল মোহরকৃত খামে ইজারা আবেদন দাখিল করতে হবে। অনলাইনে (Online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) ও ইজারা মুল্যের ২০% ব্যাংক ড্রাফট /পে-অর্ডার জামানত বাবদ জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে সংশ্লিষ্ট সমিতি ও পুকুরের নাম উল্লেখ পূর্বক নিম্নলিখিত ক্যালেন্ডার/সময়সূচি মোতাবেক আবেদন (হার্ডকপি) দাখিল করতে হবে । নির্ধারিত সময়সূচির পর কোন আবেদন গ্রহণ করা হবে না। কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালতে স্থগিতদেশ/ নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

উল্লেখ্য যে, ইজারাযোগ্য পুকুরের তালিকা, বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, পার্বতীপুর, দিনাজপুর এর নোটিশ বোর্ড এবং www.parbatipur.dinajpur.gov.bd ও acl. parbatipur.dinajpur.gov.bd. ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্যালেন্ডার / সময়সূচি

| তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|
| ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দের এর মধ্যে<br>১৫ জানুয়ারি ২০২৪ খ্রি. থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. এর মধ্যে | অনলাইনে (Online) সরকারি জলমহালের আবেদন দাখিল |
| ০৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দের এর মধ্যে<br>১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. এর মধ্যে | অনলাইনে (Online) আবেদনের প্রিন্টে কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহ অফিসারের কার্যালয়ে দাখিল |

## ১৪৩১- ১৪৩৩ বঙ্গাব্দের জলমহালের ইজারা যোগ্য পুকুরের তালিকাঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি ইজারা মূল্য (১৪৩১-১৪৩২) মেয়াদের জন্য) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজার নাম | খং নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ০১ | বেলাইচন্ডি | দুলদাং বিল | সোনাপুপুর | ০১ | ৪৭০২ | ১.৮৪ | ১৩,৮৮৫/- | ৫০০/- |
| ০২ | বেলাইচন্ডি | খুনি পুকুর | বেলাইচন্ডি | ০১ | ৯০০০ | ৩.৮৭ | ১,৬৭৪৯৫/- | ৫০০/- |
| ০৩ | বেলাইইচন্ডি | মাঝিয়া পুকুর | জগন্নাথপুর | ০১ | ৩৯২ | ০.৭১ | ৬১,২২৫/- | ৫০০/- |
| ০৪ | বেলাইচন্ডি | সোনাপুকুর (৫৭৭) | সোনাপুকুর | ০১ | ৫৭৭ | ০.২৬ | ৬,৯৩৫/- | ৫০০/- |
| ০৫ | মন্মথপুর | পোকাপড়ি | দেউল | ০১ | ২৯৭৬ | ৪.২৩ | ২,৮৮৭৮৫/- | ৫০০/- |
| ০৬ | মন্মথপুর | দামুয়া পুকুর | দেউল | ০১ | ৪৬৭১ | ১.২০ | ৬,০৭৬০/- | ৫০০/- |
| ০৭ | মন্মথপুর | ছোট দামুয়া পুকুর | দেউল | ০১ | ৪৬৮১ | ১.১২ | ৭৩,৩৫৫/- | ৫০০/- |
| ০৮ | মন্মথপুর | তাজনগর পুকুর ৩ | তাজ নগর | ০১ | ৮৬০ | ০.৫৬ | ৬,০৬৫/- | ৫০০/- |
| ০৯ | মন্মথপুর | রাঙ্গামাটি পুকুর | তাজনগর | ০১ | ৩৫৯ | ১.৫৯ | ২৫,৯৯৫/- | ৫০০/- |
| ১০ | মন্মথপুর | দলবাড়ি পুকুর | তাজনগর | ০১ | ৫৯৫ | ১.৭৪ | ৯২,০০০/- | ৫০০/- |
| ১১ | মন্মথপুর | দলুয়া পুকুর (২০৯৭) | দেউল | ০১ | ২০৯৭ | ০.২৯ | ৫,২০০/- | ৫০০/- |
| ১২ | মন্মথপুর | দেউলী পুকুর | দেউল | ০১ | ২৮৩৪ | ০.০৮ | ২,৪৩০/- | ৫০০/- |
| ১৩ | মন্মথপুর | দেউলী ডোবা | দেউল | ০১ | ৪৬১৮ | ০.১৮ | ৫,৭৯০/- | ৫০০/- |
| ১৪ | মন্মথপুর | মদনকুড়ি | দেউল | ০১ | ৪৮৩৬ | ০.২৩ | ৫,৭৯০/- | ৫০০/- |
| ১৫ | মন্মথপুর | বর্গহাগা পুকুর | তাজনগর | ০১ | ৬২২৭ | ০.৯৪ | ১৩,৮৬৫/- | ৫০০/- |
| ১৬ | মন্মথপুর | নলকাটা পুকুর | তাজনগর | ০১ | ৭৬৪৬ | ০.৫১ | ১০,৪০০/- | ৫০০/- |
| ১৭ | মন্মথপুর | তাজনগর পুকুর-২ (৬৫০০) | তাজনগর | ০১ | ৬৫০০ | ০.১৪ | ৫,২৭০/- | ৫০০/- |
| ১৮ | মন্মথপুর | ভেরভেরী বিল | তাজনগর | ০১ | ৬৫৫২ | ১.০৮ | ২৭,৭২৫/- | ৫০০/- |
| ১৯ | মন্মথপুর | তাজনগর পুকুর-৪ (৯৫২২) | তাজনগর | ০১ | ৭৫৩০/৯৫২২ | ০.৮৭ | ১৯,৪১০/- | ৫০০/- |
| ২০ | মন্মথপুর | সুরদহ বিল | তাজনগর | ০১ | ৬৫৬৮ | ২.৩৬ | ২০,৭৯৫/- | ৫০০/- |
| ২১ | মন্মথপুর | তাজনগর পুকুর-৬ | তাজনগর | ০১ | ৬২৫০ | ০.৬০ | ১৫৮৭০/- | ৫০০/- |
| ২২ | মন্মথপুর | তাজনগর-৫ (৭৫৩১) | তাজনগর | ০১ | ৭৫৩১ | ০.৬৮ | ১৫,৯৪৫/- | ৫০০/- |
| ২৩ | রামপুর | শাল পুকর | রামপুর | ০১ | ২৪২৯ | ০.৮০ | ১৭,৩৩০/- | ৫০০/- |
| ২৪ | রামপুর | হাগুরা পুকুর | ভোট গাছ | ০১ | ৪৫৫৪ | ১.০৮ | ৫৭,৭৬০/- | ৫০০/- |
| ২৫ | রামপুর | সানবান্দা পুকুর | রামপুর | ০১ | ৭৫২৯ | ০.৯৩ | ১৫,০০০/- | ৫০০/- |
| ২৬ | রামপুর | বড় নাড়িয়া পুকুর | ভোট গাছ | ০১ | ৪৩৮৭ | ১.০০ | ৭৫,০৮৫/- | ৫০০/- |
| ২৭ | রামপুর | রঘুনাথপুর পুকুর-২ | রঘুনাথপুর | ০১ | ৯৩৫৮ | ০.৩৬ | ৪,৬২৫/- | ৫০০/- |
| ২৮ | রামপুর | শালপুকুর ২ | সিঙ্গিমারী | ০১ | ২৬৭১ | ০.৩৭ | ৭,০০৫/- | ৫০০/- |
| ২৯ | রামপুর | সিঙ্গিমারী পুকুর | সিঙ্গিমারী | ০১ | ৪৫০৩ | ০.৩৫ | ৬,৯৩৫/- | ৫০০/- |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি ইজারা মূল্য (১৪৩১-১৪৩২) মেয়াদের জন্য) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজার নাম | খং নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ৩০ | রামপুর | জারীতন পুকুর | রঘুনাথপুর | ০১ | ৯১০৩ | ০.২৬ | ১০,৪০০/- | ৫০০/- |
| ৩১ | রামপুর | রঘুনাথপুর পুকুর (৭৪৬৩) | রঘুনাথপুর | ০১ | ৭৪৬৩ | ০.১০ | ২,৩২৫/- | ৫০০/- |
| ৩২ | রামপুর | পানধোয়া পুকুর | রঘুনাথপুর | ০১ | ৯০৬৯ | ০.১১ | ২,৪৩০/- | ৫০০/- |
| ৩৩ | রামপুর | ডেবীডুবা পুকুর | রঘুনাথপুর | ০১ | ৯১৬৩ | ০.৫১ | ১২,১৩০/- | ৫০০/- |
| ৩৪ | রামপুর | রঘুনাথপুর পুকুর (৯৮০০) | রঘুনাথপুর | ০১ | ৯৮০০ | ০.৩৩ | ১০,৪০০/- | ৫০০/- |
| ৩৫ | রামপুর | জুম্মা পুকুর | ভোট গাছ | ০১ | ৩১৬৮ | ১.২১ | ১৭,৩৩০/- | ৫০০/- |
| ৩৬ | রামপুর | নালি পুকুর | রঘুনাথপুর | ০১ | ৪০৩৩ | ১.০৬ | ১৭,০০০/- | ৫০০/- |
| ৩৭ | রামপুর | মসজিদ পুকুর | রামপুর | ০১ | ২৬৪ | ০.৬৩ | ২৯,১১০/- | ৫০০/- |
| ৩৮ | রামপুর | ভোটগাছ পুকুর | ভোট গাছ | ০১ | ২০১৩ | ০.৫০ | ৬,৩৫৫/- | ৫০০/- |
| ৩৯ | রামপুর | জমপুকুর | রামপুর | ০১ | ৮০২৭ | ১.৭৬ | ৪৩,৩২০/- | ৫০০/- |
| ৪০ | রামপুর | আমডোড়া | রঘুনাথপুর | ০১ | ৭২৮৫ | ০.৩৮ | ১০,০০০/- | ৫০০/- |
| ৪১ | রামপুর | আমডোড়া | রঘুনাথপুর | ০১ | ৭২৮৬ | ০.৮৯ | ১২,০০০/- | ৫০০/- |
| ৪২ | রামপুর | আমডোড়া | রঘুনাথপুর | ০১ | ৭৩০১ | ১.৫৭ | ৩৬,০০০/- | ৫০০/- |
| ৪৩ | রামপুর | আমডোড়া | রঘুনাথপুর | ০১. | ৭৪০৬ | ১.৯০ | ৩৬,০০০/- | ৫০০/- |
| ৪৪ | পলাশবাড়ী | দর্গাপাড়া পুকুর-৪ | দর্গাপাড়া | ০১ | ৩১৯৪ | ১.৯৫ | ৩৬,০০০/- | ৫০০/- |
| ৪৫ | পলাশবাড়ী | পদ্মপুকুর | কালিকাপুর | ০১ | ২৭২৮ | ২.৮৬ | ১,৩২,৮৪০/- | ৫০০/- |
| ৪৬ | পলাশবাড়ী | ছইল ফেনা পুকুর | উঃ পলাশবাড়ী | ০১ | ৪২২ | ০.৯২ | ২৫,৪১৫/- | ৫০০/- |
| ৪৭ | পলাশবাড়ী | চেংমারী পুকুর | উঃ পলাশবাড়ী | ০১ | ২৩১ | ০.৭২ | ১০,৪০০/- | ৫০০/- |
| ৪৮ | পলাশবাড়ী | ঝাড়ুয়া পুকুর | দর্গাপাড়া | ০১ | ৩৭৯১ | ০.৯৫ | ৩০,৬৭০/- | ৫০০/- |
| ৪৯ | পলাশবাড়ী | হাড়ীকাটা পুকুর | কালিকাপুর | ০১ | ২৫৮০ | ০.৪৬ | ১০,৯৭৫/- | ৫০০/- |
| ৫০ | পলাশবাড়ী | পুকুর | ধোবাকল | ০১ | ৭৭৭৩<br>৭৭৭২ | ১.৬৩<br>০.৭৭<br>২.৪০ | ৪০,০০০/- | ৫০০/- |
| ৫১ | পলাশবাড়ী | মশিহুর পুকুর | চকবোয়ালিয়া | ০১ | ১৭৫৫ | ১.৪৫ | ১৪,৫০০/- | ৫০০/- |
| ৫২ | পলাশবাড়ী | হাগুরা পুকুর | দর্গাপাড়া | ০১. | ৩৯৬০ | ০.২৯ | ৫,০০০/- | ৫০০/- |
| ৫৩ | পলাশবাড়ী | আটরাই পুকর | আটরাই | ০১ | ৯৯৫ | ০.৫১ | ১৫,৫২৫/- | ৫০০/- |
| ৫৪ | চন্ডিপুর | তুরকানী পুকুর | কালিকাবাড়ী | ০১ | ৫৪৬ | ০.৫১ | ১৩,৮৬৫/- | ৫০০/- |
| ৫৫ | চন্ডিপুর | শাল পুকুর | কালিকাবাড়ী | ০১ | ৫৭৮ | ৩.৬১ | ১,৭৬,১৫৭/- | ৫০০/- |
| ৫৬ | চন্ডিপুর | গিলা পুকুর | বড়চন্ডিপুর | ০১ | ৪৫৮০ | ০.৭৫ | ৫,২০০/- | ৫০০/- |
| ৫৭ | মোমিনপুর | মতুবার | সৈয়দপুর | ০১ | ৫০৬ | ০.৭৪ | ৩১,১৯০/- | ৫০০/- |
| ৫৮ | মোমিনপুর | কুশাহার পুকুর | পঃ হোসেনপুর | ০১ | ৩৬৯ | ১.১৩ | ৪৯,০৯৫/- | ৫০০/- |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি ইজারা মূল্য (১৪৩১-১৪৩২) মেয়াদের জন্য) | [illegible] |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজার নাম | খং নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ৫৯ | মোমিনপুর | পুকুর | গোবিন্দপুর | ০১ | ১৮৮৩ | ০.৬৪ | ৫,০০০/- | ৫০০/- |
| ৬০ | মোমিনপুর | অন্ডলাহিরী পুকুর | সৈয়দপুর | ০১ | ৬০০ | ০.৩৮ | ৫,৫৪৫/- | ৫০০/- |
| ৬১ | মোমিনপুর | উত্তর বাসুদেবপুর পুকুর ১ | উত্তর বাসুদেবপুর | ০১ | ২৫ | ২.৯৮ | ২৫,০০০/- | ৫০০/- |
| ৬২ | মোস্তফাপুর | জমির পিড়ি পুকুর | মহবপুর | ০১ | ১৩৮৯ | ০.৪৯ | ১১,৪৪০/- | ৫০০/- |
| ৬৩ | মোস্তফাপুর | অসুর কোট পুকুর | অসুরকোট | ০১ | ২৬২ | ০.০৮ | ২,৩২৫/- | ৫০০/- |
| ৬৪ | মোস্তফাপুর | চন্দন কুড়ি পুকুর | পঃ বাজিতপুর | ০১ | ৪৫ | ০.৭৩ | ৮,৬৬৫/- | ৫০০/- |
| ৬৫ | মোস্তফাপুর | উছরা পুকুর | শিবরামপুর | ০১ | ৩৯ | ০.৬৮ | ১০,৪০০/- | ৫০০/- |
| ৬৬ | মোস্তফাপুর | তুলাকুড়ি | শিবরামপুর | ০১ | ৪৮৭ | ০.৪০ | ৮,৬৬৫/- | ৫০০/- |
| ৬৭ | মোস্তফাপুর | বড় রামচন্দ্রপুর পকি পুকুর | বড় রামচন্দ্রপুর | ০১ | ৭২৯ | ০.৫৯ | ১০,৪০০/- | ৫০০/- |
| ৬৮ | মোস্তফাপুর | পীর পুকুর | বড়দল | ০১ | ১৮৪ | ৩.৪৯ | ১,২৮,৮৮০/- | ৫০০/- |
| ৬৯ | মোস্তফাপুর | নেতাহার পুকুর | বড়দল | ০১ | ১৭৫ | ২.৭২ | ১,২৫,৪১৫/- | ৫০০/- |
| ৭০ | মোস্তফাপুর | কুমার গাড়ী | বড়দল | ০১ | ১৬১ | ০.২৭ | ৬,৯৩৫/- | ৫০০/- |
| ৭১ | মোস্তফাপুর | কোয়াপুকুর | সেরনপাড়া | ০১ | ৯০৩ | ০.৬৩ | ৮,৫৫০/- | ৫০০/- |
| ৭২ | মোস্তফাপুর | মহবপুর সাথমারী পুকুর-১ | মহবপুর | ০১ | ১২৫২ | ০.৯৩ | ৬,০৬৫/- | ৫০০/- |
| ৭৩ | মোস্তফাপুর | মোস্তফাপুর পুকুর | মোস্তফাপুর | ০১ | ১২৩৫ | ০.১৬ | ২,৪০০/- | ৫০০/- |
| ৭৪ | হাবড়া | চাতরা পুকুর | পিরোজপুর | ০১ | ১৬৪ | ১.২৪ | ৩২,৯৮০/- | ৫০০/- |
| ৭৫ | হাবড়া | বর্ণমালা পুকুর | শেরপুর | ০১ | ১৩৫৪ | ০.৪৮ | ৯,৮২০/- | ৫০০/- |
| ৭৬ | হাবড়া | মালি পুকুর | হাবড়া | ০১ | ৯৫০ | ১.২৪ | ৩০,০৩৫/- | ৫০০/- |
| ৭৭ | হাবড়া | হাবড়া পুকুর ৩ | হাবড়া | ০১ | ৮৯৪ | ০.৯৫ | ১৩,৮৬৫/- | ৫০০/- |
| ৭৮ | হাবড়া | গান্ডারা পুকুর | আরজি মরনাই | ০১ | ১১৮ | ১.০৬ | ২৫,৯৯৫/- | ৫০০/- |
| ৭৯ | হাবড়া | ভবানী পুকুর | শেরপুর | ০১ | ২১১৬ | ০.২৫ | ৩,৪৭০/- | ৫০০/- |
| ৮০ | হাবড়া | বুড়া/ হাট পুকুর | হাবড়া | ০১ | ৭৩২ | ০.৮৩ | ৩১,১৯০/- | ৫০০/- |
| ৮১ | হাবড়া | রজনীগন্ধা পুকুর | শেরপুর | ০১ | ২৩৯১ | ০.৫৭ | ৪৬,২১০/- | ৫০০/- |
| ৮২ | হাবড়া | বোরঙ্গাগাড়ি পুকুর | শেরপুর | ০১ | ১৩৪৯ | ০.২৬ | ৯,৫৩০/- | ৫০০/- |
| ৮৩ | হাবড়া | গাজামারী পুকুর | শেরপুর | ০১ | ২৩৮৫ | ১.৩৮ | ১,১৫,৫০০/ | ৫০০/- |
| ৮৪ | হাবড়া | শাল পুকুরিয়া পুকুর | হাবড়া | ০১ | ৫৫৫ | ০.৭৪ | ১২,১৩০/- | ৫০০/- |
| ৮৫ | হাবড়া | হাবড়া পুকর-৬ (৪০২২) | হাবড়া | ০১ | ৪০২২ | ০.০৭ | ২,৩২৫/- | ৫০০/- |
| ৮৬ | হাবড়া | মরনাই বিল | মরনাই | ০১ | ১৪২৫ | ১৭.৯৯ | ১,০৩৯৬৫/- | ৫০০/- |
| ৮৭ | হাবড়া | মুটিমারী পুকুর (৫০৭২) | মরনাই | ০১ | ৫০৭২ | ০.৭৮ | ১৭,৩৫০/- | ৫০০/- |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি ইজারা মূল্য (১৪৩১-১৪৩২) মেয়াদের জন্য) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজার নাম | খং নং | দাগ নং | পরিমাণ (একরে) | | |
| ৮৮ | হাবড়া | খাটিয়া দিঘি (২৯৯৩) | হাবড়া | ০১ | ২৯৯৩ | ০.২৪ | ৫,২০০/- | ৫০০/- |
| ৮৯ | হাবড়া | বুড়া দিঘি | পিরোজপুর | ০১ | ২৭৮ | ১.৩২ | ২৪,০০০/- | ৫০০/- |
| ৯০ | হাবড়া | সাত তলিয়া | হাবড়া | ০১ | ৩৬০ | ১.৩৯ | ১৩,৫০০/- | ৫০০/- |
| ৯১ | হামিদপুর | জব্বার পাড়া পুকুর | জব্বার পাড়া | ০১ | ১০৩ | ০.১০ | ২,৩২৫/- | ৫০০/- |
| ৯২ | হামিদপুর | তারিপুকুর | ইছবপুর | ০১ | ১০৪ | ০.৮১ | ৮২,৫৯৫/- | ৫০০/- |
| ৯৩ | হামিদপুর | পদ্ম পুকুর | ইছবপুর | ০১ | ১৪৮ | ০.৯১ | ৪৫,০৫০/- | ৫০০/- |
| ৯৪ | হামিদপুর | বউ পুকুর | বৈগ্রাম | ০১ | ১২০ | ৩.৩৪ | ২৬,০৪৩০/- | ৫০০/- |
| ৯৫ | হামিদপুর | ভুত পুকুর | দক্ষিন রসুলপুর | ০১ | ১৬৩ | ০.৫৪ | ৬,৯৩৫/- | ৫০০/- |
| ৯৬ | হামিদপুর | পেত্নী পুকুর | দক্ষিন রসুলপুর | ০১ | ৩৩৮ | ১.১৫ | ১২,৯৪০/- | ৫০০/- |
| ৯৭ | হরিরামপুর | মাদাদীর বিল | খাগরাবন্দ | ০১ | ২৪১৮ | ১.৪৪ | ১৭,৭৯০/- | ৫০০/- |
| ৯৮ | পৌর | সুন্দরী পুকুর | খাঃ জগন্নাথপুর | ০১ | ১৪৩১ | ১.১৮ | ১,৩৮৬১৫/- | ৫০০/- |
| ৯৯ | পৌর | পিরপাল পুকুর | খাঃ জগন্নাথপুর | ০১ | ৯০৯ | ০.৫৫ | ৭,৮৮৫/- | ৫০০/- |

ইজারার শর্তাবলি:

১। সকল সরকারি বদ্ধ খাস জলমহাল সমূহ ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩( তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি / সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৩। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য নিশ্চিত হয়ে দরপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৪। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি এবং এতদুদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক গঠিত নিবন্ধিত সমিতি/ সংগঠন এবং উক্তরূপ সমিতি / সংগঠন পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর / জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতিঃ ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা / মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা; ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা; ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য; চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি (তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবেন না) আবেদন করতে পারবে। উল্লেখ্য যে, প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বাদে যে সকল নিবন্ধিত সমিতি দরপত্র জমা দিবেন, সে সকল সমিতিকে পুকুর ইজারা প্রদানের ক্ষেত্রে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি / সংগঠনকে নির্ধারিত ফরমে অনলাইনে (online) আবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনের হার্ড কপির সাথে সংগঠন / সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য আবেদনকারীর ০১ (এক) কপি সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

CamScanner

আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করবেন।

৬। প্রতিটি খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ঠিকানা ও আবেদনকৃত জলমহালের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বেনামে / ভুয়া কোন সমিতির ও সংগঠনের নাম ব্যবহার করে দরপত্র দাখিল করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত সমিতির দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবে। এছাড়া আবেদনকারীকে মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সাথে বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৮। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে সরকারি মূল্যের (তিন বছরের ইজারা মূল্যের) ২০% (বিশ) অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিমিটেড হতে ব্যাংক ড্রাফট (বিডি)/ পে-অর্ডার করে সেই ব্যাংক ড্রাফট (বিডি)/ পে-অর্ডার এর কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতি-কে জামানতের ব্যাংক ড্রাফট (বিডি)/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৯। দরপত্রের সাথে সংযুক্ত প্রয়োজনীয় সনদের ফটোকপি, সনদ প্রদানকারী অফিসার কর্তৃক সত্যায়িত করতে হবে।

১০। বন্দোবস্ত / ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমিতি নির্ধারিত কোডে সাকুল্যে ইজারা মূল্য ১ম বছরের ২৩ চৈত্রের জমা প্রদান ও চুক্তি সম্পাদন করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ইজারামূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। সরকারি জলমহাল ইজারা গ্রহণকারী সমিতি / ব্যক্তি সরকারি নিয়ম অনুযায়ী ইজারামূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% হারে আয়কর নির্ধারিত কোডে জমা প্রদান করবেন।

১১। অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বেই ইজারা দাতাকে নিজ উদ্যোগে ৩০০ (তিনশত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

১৩। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে জলমহাল বেদখল বা এতে অবৈধ অনুপ্রবেশ না করতে পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১৪। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি প্রবাহ বাধা সৃষ্টি করা যাবে না।

১৫। লীজ গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন / সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহিতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। সরকারি জলমহালের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবে না। তিনি নিজে সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৭। কোন মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ ইজারা পাবে না। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৮। ইজারা কার্যক্রম গ্রহণের পরও সরকার কর্তৃক কোন আদেশ বা পরিপত্র জারি করা হলে তা অত্র ইজারা বিজ্ঞপ্তির শর্ত হিসাবে গন্য হবে।

১৯। কোন জলমহাল / খাস পুকুর ইজারা প্রদান করা হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে কোন মামলার রায়ে স্বত্বের উদ্ভব হলে / কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারি করা হলে ইজারা মূল্য ফেরত প্রদান করা হবে না বা কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২০। ইজারা এর মেয়াদ ১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হোক না কেন তা ১লা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।

২১। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না। অর্থাৎ ইজারা মেয়াদের মধ্যেই সংশ্লিষ্ট জলমহালের সকল মাছ সংগ্রহ করতে হবে।

২২। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৩। ইজারাকৃত জলাশয়ে কেউ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না।

২৪। যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫। ইজারা বিজ্ঞপ্তি সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৬। এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

বিপুল কুমার
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পার্বতীপুর, দিনাজপুর।
prabatipur.dinajpur.gov.bd

তারিখ: ২৮/০১/২০২৪ খ্রি

...-৩১.০২.২৭৭৭.০০১.০১.০০১.২০২৪-২৮

নুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য দিনাজপুর ৫ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পার্বতীপুর, দিনাজপুর।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
০৫। মেয়র, পার্বতীপুর পৌরসভা।
০৬। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৭। উপজেলা .................................................. কর্মকর্তা (সকল), পার্বতীপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
০৮। চেয়ারম্যান, .................................................. ইউনিয়ন পরিষদ (সকল), পার্বতীপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশসহ ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................................................. ইউনিয়ন ভূমি অফিস, (সকল) পার্বতীপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই এ অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১০। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
১১। অফিস কপি

২৮/০১/২৪

(বিপুল কুমার)
সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর